গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের জুন ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	: আঃ গাফ্ফার খান, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ২০.০৬.২০১৭ খ্রিঃ, সকালঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি জনাব আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন), ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় সদস্যদের উপস্থিতির হার কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জানান, সভায় অনেক কর্মকর্তার অনুপস্থিতি অনাকাঙ্খিত। অধিদপ্তরগুলোর কর্মকর্তাগণ অনুপস্থিত থাকার দরুণ ইনোভেশন কার্যক্রমে অন্তরায় সৃষ্টি হচ্ছে। সভায় অনুপস্থিত সকল অধিদপ্তর/দপ্তরের কর্মকর্তাগণের অনুপস্থিতির বিষয়টি মহাপরিচালকগণের দৃষ্টি আকর্ষণের জন্য প্রশাসন-৪ অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন। সেই সাথে পরবর্তী সভায় সকল দপ্তরের চিফ ইনোভেশন অফিসারদের বিনা ব্যর্থতায় উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন।

২. তিনি বিভিন্ন অধিদপ্তর, দপ্তর এবং স্বাস্থ্য সেবা বিভগের ইনোভিশন টিমের মাসিক সভা, ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ, প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তি এবং চলমান প্রকল্পগুলো পরিদর্শনের গুরুত্ব তুলে ধরেন। তিনি জানান, ইনোভেশন কমিটির সভার কার্যপত্র নিয়মিত ভাবে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ করতে হয়। খুব দ্রুত নির্বাচিত প্রকল্পগুলো রেপ্লিকেশনে নেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি সমন্বয়ক, জনাব আবুল কালাম আজাদ মহোদয়ের নির্দেশনা রয়েছে। সেই সাথে অসমাপ্ত প্রকল্পগুলোকে সম্পন্ন করে পুনরায় শোকেসিং এর আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি অধিদপ্তরগুলোকে মাঠ পর্যায় থেকে নতুন নতুন ইনোভেশন আইডিয়াগুলোর প্রকল্প সমাপনান্তে শোকেসিং এ অন্তর্ভুক্ত করতে অনুরোধ জানান।

৩. সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় বিভিন্ন অধিদপ্তর/দপ্তরসমূহকে ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ ও মাসিক ইনোভেশন সভা নিয়মিত না করা এবং সেই সাথে সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ না করায় অসন্তোষ প্রকাশ করেন। অধিদপ্তর/দপ্তরসমূহকে মাসিক ইনোভেশন সভা নিয়মিত করার এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণের জন্য পুণরায় অনুরোধ জানান। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহ মাসের প্রথম সপ্তাহে এবং মন্ত্রণালয় মাসের দ্বিতীয় সপ্তাহে সভার আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় প্রত্যেক অধিদপ্তর ও দপ্তরসমূহকে নিয়মিত সম্পন্ন করার তাগিদ দেন।

৪. অতঃপর সভাপতির সম্মতিক্রমে প্রশাসন-৪ অধিশাখার উপ-সচিব মোঃ লুৎফর রহমান কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী কিংবা সংযোজন/বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৫. জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ বিষয়ে দৃষ্টিপাত করলে জনাব আমিনুল ইসলাম, পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর, জনাব মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ অধিদপ্তর, জনাব আবুল হোসেন, টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং), নিমিউ এবং ম্যানেজার টেমো জানান চলতি অর্থ

বছরে দুই দিনের উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী অর্থবছরের প্রশিক্ষণের জন্য প্রস্তুতি চলমান রয়েছে। সভাপতি মহোদয় মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অধিদপ্তরগুলোকে জুলাই মাসের মধ্যে আগামী অর্থবছরের দুই দিনের উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ শুরু করার জন্য অনুরোধ জানান।

৬. সভাপতি মহোদয় প্রশিক্ষণ কারিকুলামে উদ্ভাবনী অন্তর্ভুক্তির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আমিনুল ইসলাম, পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, মাঠ পর্যায়ে মাসিক সভায় ইনোভেশন সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

৭. নিয়মিত মাসিক সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আমিনুল ইসলাম, পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান মে মাসে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা) জানান জুন মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার কার্যবিবরণী ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৮. মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতিঃ

(১) সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি সম্পর্কে উপস্থিত সভার দৃষ্টি আকর্ষণ করলে জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা) জানান, স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ রাজশাহীর পুঠিয়া এবং বরিশালের উজিরপুরের চলমান প্রকল্পগুলো পরিদর্শন করেছে। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির পক্ষ হতে আগামী জুলাই মাসে মাঠ পর্যায়ের প্রকল্প পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন-৪ কে নির্দেশ দেন। গত শোকেসিং এর মাধ্যমে নির্বাচিত প্রকল্প দুটি দ্রুত রেপ্লিকেশনের যাওয়ার এবং স্থান বাছাইয়ের নির্দেশনা প্রদান করেন। সেই সাথে মাঠ পর্যায় থেকে নতুন নতুন প্রকল্প শোকেসিং আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলেন। তিনি আরো জানান গত শোকেসিং ওয়ার্কশপে অংশগ্রহণকৃত অন্যান্য প্রকল্পগুলোর সমস্যা দূর করে রেপ্লিকেশনে নেয়ার বিষয়ে উদ্যোগ নিতে হবে।

(২) তিনি আগামী আগস্ট মাসে সচিব মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট অধিদপ্তরগুলোর মহাপরিচালকবৃন্দ এবং ইনোভেটরদের নিয়ে একটি সভা অনুষ্ঠানের পরামর্শ দেন। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর ও প্রধানমন্ত্রীর দপ্তরে যোগাযোগ করার নির্দেশনা দেন।

৯. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনঃ** সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনের প্রতি গুরুত্বারোপ করেন। তিনি আগামী জুলাই মাসে ইনোভেশন প্রকল্পসমূহ পরিদর্শনের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। রাজশাহীর পুঠিয়া ও বরিশালের উজিরপুরের প্রকল্প ২টি ছাড়া অন্যান্য প্রকল্পে দুর্বলতা দূর করে রেপ্লিকেশনে আনয়নের জন্য অনুরোধ জানান।

১০. **শোকেসিং ও রেপ্লিকেশনঃ** সভাপতি মহোদয় কতটি বিভাগে, কোন কোন উপজেলায় প্রকল্প দুটি রেপ্লিকেশন করা হবে তা বাছাইয়ের জন্য সচিবকে সভাপতি করে মহাপরিচালক, উইং প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করার পরামর্শ প্রদান করেন। সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী জুলাই মাসে একটি সভা আহবানের জন্য বলেন। উক্ত সভায় মহাপরিচালকগণ, মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন অফিসার, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইনোভেশন অফিসার, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ইনভেটরদের আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ জানানো যেতে পারে।

১১. **বিবিধঃ** জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম বর্তমান কমিটিতে হাসপাতাল, নার্সিং অনুবিভাগ এবং মানসম্পদ ব্যবস্থাপনা ইউনিট হতে প্রতিনিধি অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান। সভাপতি মহোদয় তাতে সম্মতি জ্ঞাপন করেন।

১২. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

১২.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে;

১২.২ মন্ত্রণালয় ও অধিদপ্তরকে পুনরায় ০২ (দুই) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

১২.২: অধিদপ্তরসমূহকে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন কন্টেন্ট অন্তর্ভুক্তির বিষয়ে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১২.৩: সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১২.৪: আগামী সভায় অধিদপ্তরসমূহের চিফ ইনোভেশন অফিসারগণকে বিনা ব্যর্থতায় উপস্থিত থাকতে হবে;

১২.৫: ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করতে হবে এবং শোকেসিং এর জন্য তালিকা তৈরী করতে হবে;

১২.৬: জুলাই মাসে নতুন রেপ্লিকেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১২.৭: অসম্পন্ন প্রকল্পগুলো শোকেসিং এর জন্য প্রস্তুত হয়েছে কিনা তা জানতে অধিদপ্তরগুলোকে পত্র প্রেরণ করতে হবে;

১২.৮: শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে একটি সভা আয়োজন করতে হবে;

১২.৯: শোকেসিং এ নির্বাচিত প্রকল্পগুলো বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে;

১২.১০: বর্তমান কমিটিতে হাসপাতাল, নার্সিং অনুবিভাগ এবং মানসম্পদ ব্যবস্থাপনা ইউনিট হতে একজন করে প্রতিনিধি অন্তর্ভূক্ত করতে হবে।

১৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০৪.০৭.২০১৭
(আ: গাফ্ফার খান)
যুগ্ম-সচিব (প্রশাসন) ও
চিফ ইনোভেশন অফিসার

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-১৫৩

তারিখঃ ০৫.০৭.২০১৭ খ্রিঃ

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. জনাব হাসান মাহমুদ, উপসচিব (নির্মান/মেরামত এবং ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. জনাব মো: মজিবুর রহমান, উপপ্রধান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. জনাব আহমেদ লতিফুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
৬. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

<u>কার্যার্থেঃ</u>

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
<u>ই-মেইল-monitor@mohfw.gov.bd</u>